

সিপ্যানেলের এনওসি পার্টনার হলো জিয়নবিডি



সিপ্যানেল এনওসির সহযোগী হয়েছে জিয়নবিডি।

লিনাক্স অপারেটিং সিস্টেম-ভিত্তিক ওয়েব হোস্টিং কন্ট্রোল প্যানেল সিপ্যানেলের প্রথম বাংলাদেশি প্রতিষ্ঠান হিসেবে সিপ্যানেল সাটিফায়েড এনওসি পার্টনারের স্বীকৃতি ও সিপ্যানেল সাটিফায়েড ব্যাজ পেল দেশি প্রতিষ্ঠান জিয়নবিডি। এখন থেকে বাংলাদেশসহ এশিয়া অঞ্চলের দেশগুলোতে সিপ্যানেল সার্ভারের আপডেট সরবরাহ হবে জিয়নবিডির বাংলাদেশে অবস্থিত টিয়ার থ্রি ডেটা সেন্টারের অফিশিয়াল সিপ্যানেল ফাস্ট আপডেট মিরর সার্ভার থেকে।

জিয়নবিডির এক বিজ্ঞপ্তিতে বলা হয়, চলতি বছরের জুন মাসে সিপ্যানেল ইউনিভার্সিটি থেকে সিপ্যানেল সাটিফায়েড পার্টনার প্রোগ্রাম চালু হয়। মূলত সিপ্যানেল চালিত সার্ভারের ওপর দক্ষতা যাচাই এবং বিভিন্ন পরীক্ষার মাধ্যমে সিপ্যানেল ইউনিভার্সিটি থেকে সিপ্যানেল সাটিফিকেশন ও ব্যাজ দেওয়া হয়। সম্প্রতি জিয়নবিডির পক্ষ থেকে সিপ্যানেল সাটিফায়েড পার্টনার প্রোগ্রামে অংশগ্রহণ করে প্রক্রিয়াটির সব শর্ত সম্পন্ন করে এবং বাংলাদেশের প্রথম প্রতিষ্ঠান হিসেবে [জিয়নবিডি](#) সিপ্যানেলের প্রথম নেটওয়ার্ক অপারেশন পার্টনার হিসেবে স্বীকৃতি লাভ করে।

জিয়নবিডিৰ পৰিচালনা ব্যবস্থাপক মোহাম্মাদ নাজমুল হক বলেন, দেশের তথ্যপ্রযুক্তি খাতে জিয়নবিডি ধারাবাহিক উদ্ভাবনী প্রযুক্তি এবং সেবা দিতে কাজ করছে। গ্রাহকদের মানসম্পন্ন সেবা দেওয়ার লক্ষ্যে সিপ্যানেল সনদ তাদের কাজে লাগবে। এতে গ্রাহকদের যেকোনো সিপ্যানেল-সম্পর্কিত সমস্যার দ্রুত সমাধান দেওয়া সম্ভব হবে।